# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

ত্রয়োবিংশ বর্ষ (প্রথম সংখ্যা)
জানুয়ারি ২০১২

প্রিয় সতীর্থ

আগামী **৫ ফেব্রুয়ারি, ২০১২ (রবিবার)** বিদ্যামন্দিরে সারাদিনব্যাপী পুনর্মিলন উৎসবে সপরিবারে যোগ দিতে আপনাকে সাদর আমন্ত্রণ জানাই। অনুষ্ঠানসূচী ও অন্যান্য জ্ঞাতব্য তথ্য ভেতরের পাতায় দেওয়া হল।

সশ্রদ্ধ অভিনন্দন সহ

বিদ্যামন্দির — মনোজ কুমার ভট্টাচার্য
১ জানুয়ারি, ২০১২ — কর্মসচিব



**Character is repeated habits and repeated habits alone can reform character.**
*—Swami Vivekananda*

## সম্পাদকীয়

**Time and tide wait for none.** সময় এবং স্রোত বয়ে চলে নিরন্তর, কারোর জন্যে অপেক্ষা করে না। দিন যায় রাত্রি আসে। রাত্রি যায় দিন আসে—এভাবেই বয়ে চলে সময়ের স্রোত। আর এভাবেই দেখতে দেখতে কেটে গেল রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের পঁচিশটি বছর। সংসদ উপস্থিত হয়েছে রজত জয়ন্তী বর্ষে।

মহাকালের প্রেক্ষিতে একটি প্রতিষ্ঠানের ক্ষেত্রে পঁচিশটি বছর কিছুই নয়। কিন্তু তবুও সময়ের এই ক্ষুদ্রাতিক্ষুদ্র পরিসরে প্রাক্তনী সংসদ স্বামী বিবেকানন্দের ঘোষিত 'বহুজন হিতায়, বহুজন সুখায়' আদর্শে উদ্বুদ্ধ হয়ে সমাজ সেবার যে প্রকল্পগুলি গ্রহণ করেছে সেগুলির যথাযথ রূপায়ণ করে নিজেকে ধন্য মনে করছে। সেবামূলক প্রকল্প ছাড়াও সংসদের উদ্যোগে ও প্রচেষ্টায় কিছু সাংস্কৃতিক অনুষ্ঠানও হয়ে থাকে প্রতি বছর, যেমন স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা ও আন্তঃকলেজ ক্যুইজ প্রতিযোগিতা, রানি রাসমণি স্মারক বক্তৃতা প্রভৃতি। এসবেরই বার্তা প্রাক্তনী বার্তায় নিয়মিতভাবে প্রকাশিত হয় বছরে দুবার, সাধারণত জানুয়ারি ও জুলাইয়ে।

সংসদের রজতজয়ন্তী উপলক্ষে আগামী ৫ ফেব্রুয়ারি ২০১২'য় অনুষ্ঠিত হবে বিদ্যামন্দিরের প্রাক্তনীদের দ্বাবিংশতম পুনর্মিলন উৎসব। আমন্ত্রণলিপি সহ এই উৎসবের বিস্তারিত কর্মসূচী দেওয়া হল বর্তমান সংখ্যায়। কর্ম সমিতির সভায় স্থির হয়েছে, ব্যয়সংকোচের জন্য পুনর্মিলন উৎসবের পৃথক আমন্ত্রণ পত্র পাঠানো হবে না। পুনর্মিলন উৎসবে সকলের আসা চাই-ই।

নিত্যনিরঞ্জন কুন্ডু, প্রধান সম্পাদক

আপনার পরিচিত কোন সতীর্থ যদি এখনও সংসদের সদস্যপদ গ্রহণ করে না থাকেন তাহলে তাঁকে অনুরোধ করুন সদস্যপদ গ্রহণ করতে। আজীবন সদস্য পদের জন্য দেয় ১০০০.০০ (এক হাজার) টাকা এবং ভর্তি ফি ২০.০০ (কুড়ি) টাকা মাত্র। —কর্মসচিব

## আনন্দ সংবাদ

বিজ্ঞান গবেষণার ক্ষেত্রে এদেশের সর্বোচ্চ সম্মান 'শান্তি স্বরূপ ভাটনগর পুরস্কার'-এ সম্মানিত হলেন স্বামী বিদ্যানাথানন্দজী—আমাদের সকলের প্রিয় মহান মহারাজ। বর্তমানে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ বিশ্ববিদ্যালয়ে গণিতশাস্ত্রের অধ্যাপনা ও গবেষণার দায়িত্বপ্রাপ্ত মহারাজ '**rubber-sheet geometry**' বিষয়ে মৌলিক গবেষণায় নিরত। কানপুর আই. আই. টি এবং ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, বার্কলে-তে পাঠ শেষ করে তিনি শ্রীরামকৃষ্ণ সংঘে যোগদান করেন। ত্রিমাত্রিক জ্যামিতির গবেষণায় তাঁর মৌলিক অবদান আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে। শ্রদ্ধেয় মহারাজ বেশ কিছুকাল বিদ্যামন্দিরের ছাত্রাবাস অধীক্ষক ছিলেন এবং এখানে অধ্যাপনাও করেছেন। মূলত তাঁরই সক্রিয় উৎসাহে বিদ্যামন্দিরে গণিত বিভাগে স্নাতকোত্তর পঠনপাঠন শুরু হয়। তাঁর এই সম্মান প্রাপ্তিতে বিদ্যামন্দির পরিবারের সকলেই গর্বিত। বিদ্যামন্দিরের প্রাক্তনীদের পক্ষ থেকে মহারাজকে হার্দিক অভিনন্দন।

অধ্যাপক তপন কুমার ঘোষ

## ফিরে দেখা

কর্নেল বলরাম মন্ডলের উদ্যোগে বিদ্যামন্দিরের ১৯৬৮-৭১ ব্যাচের প্রাক্তনীদের একটি আনন্দমুখর পুনর্মিলন অনুষ্ঠিত হয়েছে কলকাতার Fort William-এর Army officers' Institute-এর Henderson Hall-এ ২০১১'র ২৭ ফেব্রুয়ারি। প্রায় ৪০ জন প্রাক্তনী (অধিকাংশই সপরিবারে) মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেছিলেন। এই উপলক্ষে ১৯৬৮-৭১ ব্যাচের গ্রাজুয়েটদের ছাত্রবৃত্তি প্রকল্পে বেশ কিছু অর্থও সংগৃহীত হয়। আলোচনার মুখ্য বিষয় ছিল ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণদেবের ফোর্ট (Fort William) দর্শন।

**কর্মসচিব**

## জরুরী আবেদন

প্রাক্তনী সংসদের রজত জয়ন্তী বর্ষে পুনর্মিলন উৎসব উপলক্ষে প্রকাশিতব্য স্মারক পত্রিকার জন্য বিজ্ঞাপন সংগ্রহ আশানুরূপ হয় নি। প্রাক্তনীবার্তার এর আগের সংখ্যায় (জুলাই, ২০১১'য় প্রকাশিত) বিজ্ঞাপনের রেট সহ কিছু তথ্য জানানো হয়েছিল। দ্রুত বিজ্ঞাপন পাঠিয়ে পুনর্মিলন উৎসব এবং প্রাক্তনী সংসদের অন্যান্য উদ্যোগকে সফল করে তুলুন। প্রয়োজনীয় Contract Form এবং আবেদনপত্র সংসদের Website থেকে ডাউনলোড করে নিন।

**কর্মসচিব**

## সংসদের একটি নতুন উদ্যোগ

বিদ্যামন্দিরের কয়েকজন দুঃস্থ মেধাবী ছাত্রকে প্রতি বছরই কিছু আর্থিক সাহায্য দিয়ে থাকে প্রাক্তনী সংসদ। শুধু তাই নয়, সদ্য প্রাক্তনী হওয়া এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠরত কিছু ছাত্রকেও অর্থ সাহায্য দেওয়া হয়ে থাকে। এবারে "স্বামী আদীশ্বরানন্দ ও স্বামী গোকুলানন্দ" স্মৃতি তহবিল নামে একটি অছি-তহবিল গঠিত হল জনৈক প্রাক্তনীর প্রদত্ত এক লক্ষ টাকায়। এই তহবিল থেকে প্রাপ্ত সুদের টাকায় বিদ্যামন্দির বহির্ভূত দুঃস্থ, মেধাবী কলেজ বা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অর্থ সাহায্য দেওয়া হবে তাদের প্রয়োজনে। এই সাহায্য পেতে হলে প্রার্থীকে সংসদের কর্মপরিষদের যে কোন সদস্য বা বিদ্যামন্দিরের অধ্যক্ষ/উপাধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করতে হবে।

**কর্মসচিব**

## Members' Directory

**The second edition is going to be published before the Reunion Day, 5th February 2012. The Members may collected a copy on that day. The cost of one copy of Members' Directory will be Rs. 50/- for the Reunion Day**

## News from The Vidyamandira (July to November, 2011)

**Foundation Day Celebration :** College foundation day was observed on 5th July, 2011 at Asha-jyoti conference Hall. The foundation day lecture was delivered by Swami Sarvapriyanandaji, Acharya, Probationers' Training Centre, Belur Math. The topic of his lecture was : 'Swami Vivekananda's concept of Education in Modern Perspective'.

**Introduction of New Post-Graduate Course :** It is a matter of great pleasure that the Industrial Chemistry and the Chemistry departments of the college have jointly taken the initiative to introduce post-graduate course in Applied Chemistry from the current academic session. It may be mentioned that this is the first lab-based subject to start P.G. teaching in the college.

**Blood Donation Camp :** The N.S.S. unit of the college organised a voluntary blood donation camp on 31.8.2011 in association with the State Govt. Hospital Blood Bank and the Association of Voluntary Blood Donors. As many as 180 persons including monks, brahmacharins, staff-members and students donated blood on that day.

**Seminar Talks and Special Lectures :**

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 23 July | Bio-Diversity of the Himalayas | Sri Dwijendralal Banerjee, Chief-Cashier, U.B.I., Belur Math |
| 30 July | Response to Hijacking— Case studies of successful intervention | Swami Sarvapriyananda, Belur Math |
| 15 August | *ভগিনী নিবেদিতা ও শ্রীশ্রীমা* (Rasmoni Memorial Lecture) | Swami Balabhadrananda, Secretary, Ramakrishna Mission Ashrama, Asansol |
| 3 September | Raja Lear : The Story of its Making | Sri Suman Mukhopadhyay, Playwright and director |
| 24 September | *শ্রীরামকৃষ্ণ কথামৃতের উৎস সন্ধানে* (Swami Tejasananda Memorial Lecture) | Sri Dipak Gupta, Great-grandson of Sri M (Mahendranath Gupta) |
| 2 November | Recent Trends in Culture and Literature of Maldives | Janab Ibrahim Wahid, Eminent Writer from Maldives |

**Distribution of New clothes :** Free distribution of new clothes to about 165 needy children of Santinagar, Bally, was arranged on 27th September 2011—-on the eve of the joyous occasion of Durga Puja.

**Saradotsava :** As in previous years, this year too, Autumn Festival (শারদোৎসব) was held in the college just on the eve of the Puja Vacation. Along with other items, three dramas were staged on this occasion viz. a) 'কাক চরিত্র' by the hostel staff members. b) 'গুরু' by the students and c) 'আমার সম্পাদক শিকার' by the teaching and non-teaching staff members.


**Students' Achievements :**

a) A team of two students of Economics Honours, Judhajit Chakraborty and Vijay Shankar Roy, participated in an inter-college competition among Economics (H) students of different colleges at St. Xavier's College and secured the first position in the event 'Crisis Management'.

b) Neelabja Chatterjee of second year Mathematics Honours secured the second position in the debate Competition held at Swamiji's Ancestral house on the occasion of Swami Vivekananda's Birth Aniversary Celebration.

c) Avijit Mondal of M.A. 1st year Sanskrit secured first position in the essay competition (in Sanskrit language) organised at *Vidyasagar Smriti Mandir* on the occasion of 191st birthday celebration of Vidyasagar.


**Excursion :** Students and teachers of Philosophy Dept. visited Puri and participated in a half day seminar (priorly planned by us) at Sri Jagannath Sanskrit Viswavidyalaya before puja vacation. Other departments who organised tours before puja holidays are : Microbiology, Pol. Science—Murshidabad; Mathematics—, Chemistry. During puja holidays Physics department went to Sikkim. After puja vacation, Sanskrit department went to Puri and organised same type of academic programme. History Dept. visited Varanasi and had an interaction with ASI, Sarnath circle, at Sarnath.



রানি রাসমণি স্মারক বক্তৃতায় স্বামী বলভদ্রানন্দজী মহারাজ

**Synopsis of the results of part III Examination, 2011 Under Calcutta University**

| Subjects | Total Appeared | 1st Class | Rank |
|---|---|---|---|
| Physics | 23 | 15 | 4th |
| Chemistry | 26 | 26 | 6th, 10th |
| Mathematics | 18 | 11 | 7th, 9th |
| Microbiology | 10 | 6 | 2nd, 9th |
| Economics | 12 | 2 | |
| Pol Science | 10 | 0 | |
| History | 10 | 1 | 6th, 10th |
| Philosophy | 10 | 4 | 5th |
| Sanskrit | 10 | 7 | 1st, 2nd, 4th, 6th, 7th |
| English | 9 | 0 | |
| Bengali | 10 | 1 | |
| Comp Appl | 11 | 7 | |
| Ind Chem | 11 | 11 | |



পি. সি. রায়ের সার্ধশতবর্ষে বক্তা অধ্যাপক এন. সি. মন্ডল

**Synopsis of the results of part II Examination, 2011 Under Calcutta University**

| Subjects | Total Appeared | 1st Class |
|---|---|---|
| Physics | 21 | 15 |
| Chemistry | 27 | 26 |
| Mathematics | 17 | 16 |
| Microbiology | 12 | 6 |
| Pol Science | 8 | 1 |
| History | 8 | 0 |
| Philosophy | 10 | 3 |
| Sanskrit | 11 | 6 |
| English | 12 | 2 |
| Bengali | 8 | 2 |
| Comp Sc | 7 | 7 |
| IND Chem | 11 | 11 |





রবীন্দ্র জন্মোৎসবের সার্ধশতবর্ষে পার্থ ঘোষ ও গৌরী ঘোষ

The result of this examination undergoes some changes when the review results of the university are published.

**Prof. Tapan Kumar Ghosh**

# ঘরে ফেরার ডাক ঃ এবারের পুনর্মিলন উৎসব

প্রাক্তনী সংসদের রজত জয়ন্তী বর্ষের পুনর্মিলন উৎসব এসে গেল। নানা 'দিকে' 'সেই বার্তা' 'রটে' ও গেছে ইতিমধ্যেই। বিদ্যামন্দিরকে কেন্দ্র করে পরিশ্রম করে চলেছেন সংসদের কর্তৃপক্ষ। সাহায্যের হাত বাড়িয়ে দিচ্ছেন প্রাচীন থেকে নবীন প্রাক্তনী অনেকেই। যে মাটি থেকে একদিন আমাদের সবার আজকের জীবনে পৌঁছানোর যাত্রা শুরু হয়েছিল, সেই মাটিতে ফিরে আসার এই ডাক নিশ্চয়ই কেউ অপেক্ষা করতে পারে না। 'রামকৃষ্ণের বেদীতলে' প্রাণ মেলানোর এমন সুযোগ তো কমই মেলে। তাই এই শ্রম, তাই এত সাজ। যাঁরা এ সংবাদ পড়ছেন, তাঁরা অবশ্যই আরও ছড়িয়ে দিন এই খবর। বিদ্যামন্দিরের এই উর্ধ্বগতি সোনার দিনে প্রাক্তনীদেরই যে চাই সবচেয়ে বেশী কাছের করে। প্রসঙ্গত কয়েকটা কাজের কথা বলে রাখি।



'নিভৃতচিন্তনে' স্বামী মেধসানন্দজী মহারাজ

**ক) পুনর্মিলন উৎসব, ৫ ফেব্রুয়ারী, ২০১২, অনুষ্ঠানসূচী**

| | | | |
|---|---|---|---|
| ● শ্রীভবন প্রার্থনাকক্ষে বিশেষ পূজা | — | সকাল | ৭.০০ |
| ● বিদ্যামন্দির প্রাঙ্গণে পতাকা উত্তোলন | — | সকাল | ৮.৩০ |
| ● প্রাতরাশ | — | সকাল | ৮.৩০-১০.০০ |
| ● প্রদর্শনী ভলিবল ম্যাচ | — | সকাল | ৯.০০-১০.০০ |
| ● সাংস্কৃতিক অনুষ্ঠান | — | বেলা | ১০.৩০-১২.০০ |
| ● মধ্যাহ্নভোজন | — | দুপুর | ১২.৩০ |
| ● পুনর্মিলন সভা | — | দুপুর | ২.৩০-৪.৩০ |
| ● চা পান | — | বিকাল | ৪.৩০-৪.৪৫ |
| ● সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠান | — | বিকাল | ৫.০০-৬.১৫ |
| ● সন্ধ্যারতি | — | সন্ধ্যা | ৬.৩০ |

প্রয়োজনীয় অনুষ্ঠানসূচীর কিছু পরিবর্তন হতে পারে।

**খ) পুনর্মিলন দিনের জন্যে বরাদ্দ অনুদান ঃ** একথা আমরা সকলেই জানি যে, বাইরের জগতে যেকোন কাজের খরচ-খরচা বাড়ছে দুরন্ত গতিতে। আমরাও হিসেব-নিকেশ করতে গিয়ে পড়েছি বেশ বিপাকে। অনেক আলোচনা করেছি সবাই মিলে। শেষে এই সিদ্ধান্ত ঃ

- প্রাক্তনীদের কাছ থেকে ওই দিনের অনুষ্ঠানের ব্যয়নির্বাহের জন্যে ধার্য অনুদান—১৮০টাকা।
- তবে, ২০০৬ সালে যারা উচ্চ মাধ্যমিক পাশ করেছেন, ২০০৯, ২০১০ এবং ২০১১ সালে যাঁরা স্নাতকস্তর পাশ করেছে আর ২০১১ সালে যাঁরা স্নাতকোত্তর স্তর পাশ করেছে—এঁদের সবার জন্যে ধার্য অনুদান ১৫০ টাকা।
- প্রাক্তনীদের সঙ্গে সেদিনের অনুষ্ঠানের অতিথি হিসেবে যাঁরা আসবেন, তাঁদের জন্যে মাথাপিছু ধার্য অনুদান ১৫০টাকা।

**গ)** সকালের সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদানেচ্ছু প্রাক্তনীরা অধ্যাপক তপন কুমার ঘোষের সঙ্গে (৯৮৩৬৬১৮১৪৩) যোগাযোগ করতে পারেন।

আর দেরী নেই। আসুন সবাই মিলে সফল করে তুলি আমাদের ঘরে ফেরার দিনটিকে। বিদ্যামন্দিরের ঘাসে ঘাসে আবার ফেলি পা, বিদ্যামন্দিরের আকাশ ভরে উঠুক তারই ঘরে গড়ে ওঠা সূর্য-তারাদের আলোয়।

**স্বামী শাস্ত্রজ্ঞানন্দ**

# একটি বিনম্র আবেদন

মাননীয় ও প্রিয় প্রাক্তনী,

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ তার প্রতিষ্ঠালগ্ন থেকেই চেষ্টা করে চলেছে সাধ্যমত বিদ্যামন্দিরের সেবাকার্যে নিজেকে নিয়োজিত করার। আমাদের সাধ অফুরন্ত, সাধ্য সীমিত। এবার আমরা সেই সাধ্যের সীমাই বাড়াতে চাই। ইতিমধ্যেই বিদ্যামন্দিরে পানীয় জল পরিশোধনের প্রকল্পে প্রাক্তনী সংসদ মোট আটটি অ্যাকোয়াগার্ড যন্ত্র বসিয়েছে। বিদ্যামন্দিরের ছাত্রদের আর্থিক সাহায্যও দেওয়া হচ্ছে। আমরা চাই বিদ্যামন্দির প্রাক্তনীরা আমাদের গৃহীত নিম্নলিখিত প্রকল্পগুলিতে মুক্তহস্তে দান করুন, যাতে আমরা বিদ্যামন্দিরের নানাবিধ কার্যে নিজেদের সম্পৃক্ত করে নিজেদেরকেই ধন্য করতে পারি।

**প্রকল্প ১। বিবেকানন্দ সম্মেলন ঃ** বিগত ১৬ বছর ধরে এই প্রকল্পটি রূপায়িত হয়ে চলেছে। প্রত্যেক বছর আমরা পশ্চিমবঙ্গের একটি জেলাকে বেছে নিয়ে স্বামী বিবেকানন্দের মূল্যবোধভিত্তিক শিক্ষার ধারণা সেখানকার ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও বাবা-মায়েদের কাছে পৌঁছে দেওয়ার জন্যে নানা সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করি এবং সবশেষে যুব সম্মেলন ও শিক্ষক সম্মেলনেরও আয়োজন করা হয়। একটা সময় বেশ কিছুদিন সরকারী সাহায্য পাওয়া গেলেও এখন তা অনিশ্চিত হয়ে পড়েছে। এমতাবস্থায় এই চমৎকার ও জনপ্রিয় প্রকল্পটিকে চালু রাখার জন্যে প্রাক্তনী সংসদ ১২ লাখ টাকার একটি ফাণ্ড গঠন করতে আগ্রহী। এর ফলে এই সম্মেলনের খরচ প্রাক্তনী সংসদ অনেকটা বহন করতে পারবে।

**প্রকল্প ২। প্রাক্তনী বার্তা ঃ** প্রাক্তনী সংসদের কার্যকলাপ বিধৃত এই বার্তাপত্রটি আমরা বছরে দুবার আপনাদের কাছে পৌঁছে দেওয়ার চেষ্টা করছি। কিন্তু এর মুদ্রণ খরচও ক্রমবর্ধমান। এই ব্যয়ের অনেকটা নির্বাহ হয় প্রাক্তনী শ্রী সুব্রত গাঙ্গুলী, ডাঃ ধীমান গাঙ্গুলী, শ্রী বীরবিক্রম রায়, স্বামী স্বাহানন্দজী প্রমুখের আর্থিক সহায়তায়। তাঁদের সহায়তা আমরা কৃতজ্ঞচিত্তে স্মরণ করি। কিন্তু এর জন্যেও আমরা একটি ৬ লক্ষ টাকার ফাণ্ড গঠন করতে চাই, যাতে কোন সময়েই এটির প্রকাশনায় কোন ব্যাঘাত না আসে।

**প্রকল্প ৩। দরিদ্র ছাত্রদের আর্থিক অনুদান ঃ** অনেক প্রাক্তনীই এ ক্ষেত্রে ব্যক্তিগত পর্যায়ে বিদ্যামন্দিরে পাঠরত ছাত্রদের আর্থিক সহায়তা করে থাকেন। ১৯৬৮-৭১ ব্যাচের প্রাক্তনীদের যৌথ প্রচেষ্টা তো এক্ষেত্রে আজ ইতিহাস। কিন্তু প্রয়োজনের তুলনায় আমাদের এ সহায়তা আজও কম বোধ হচ্ছে। বিদ্যামন্দিরে বহু দরিদ্র পরিবারের ছাত্র পড়াশুনা করতে আসে। এই বিষয়টি মাথায় রেখেই আমরা আরও অন্তত ২০ লাখ টাকার একটি ফাণ্ড গঠন করতে চাই।

**প্রকল্প ৪। বিদ্যামন্দিরের রন্ধনশালা পুনর্বিন্যাস ও আধুনিকীকরণ ঃ রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির** আজ নানা পরিবর্তনের মধ্য দিয়ে এগিয়ে চলেছে। কলেজের পঠনপাঠনসহ নানা ক্ষেত্রে মানোন্নয়নের চেষ্টা চলছে বিভিন্নভাবে। সেই প্রয়াসেরই একটি অঙ্গ হিসেবে বিদ্যামন্দিরের '**রন্ধনশালা পুনর্বিন্যাস ও আধুনিকীকরণ**' প্রকল্প হাতে নেওয়া হয়েছে। পুরানো বাড়ি সম্পূর্ণভাবে ভেঙে দোতলা একটি বাড়ি তৈরী করা হচ্ছে যার একতলায় থাকবে রান্নার ব্যবস্থা, প্রয়োজনীয় স্টোর রুম, বাসনপত্র ধোয়ার ব্যবস্থা, গ্যাস ব্যাঙ্ক ইত্যাদি। আর দোতলায় থাকছে কর্মীদের থাকার ব্যবস্থা। মূলত গ্যাস এবং সহায়করূপে ইলেকট্রিকের সাহায্যে রান্নার ব্যবস্থা ভাবা হয়েছে। স্টিম বয়লার, এয়ার ভেন্টিলেশন এবং এয়ার সাকিং সিস্টেম, আধুনিক অগ্নি নির্বাপণ ব্যবস্থা, লিফ্‌ট্ ইত্যাদিও রাখার কথা চিন্তা করা হচ্ছে। এই সমগ্র পরিকল্পনাটির সম্ভাব্য খরচের পরিমাণ ৫৫,৪৭,০২২ টাকা। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগের (ইউ জি সি) কাছ থেকে আমরা এ বাবদ কিছু অর্থ পেয়েছি যা থেকে এই ব্যয় আংশিক নির্বাহ করা সম্ভব হবে। কিছু প্রাক্তনীও অর্থ সাহায্য করেছেন। প্রাক্তনীবার্তায় সে খবর আমরা জানিয়েওছি। তবু এখনও সম্পূর্ণ প্রকল্প সমাপ্ত করতে আরো অর্থের প্রয়োজন। প্রাক্তন ছাত্রদের কাছে তাই এই প্রকল্পে অর্থ সাহায্যের জন্যে বিদ্যামন্দির কর্তৃপক্ষের পক্ষ থেকে আবেদন জানানো হচ্ছে।

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

(ক) উপরের যে কোন প্রকল্পে অনুদান যাঁরা পাঠাবেন, তাঁদের অনুরোধ, একটি চিঠিতে জানিয়ে দেবেন কোন্ প্রকল্পে আপনি অনুদান পাঠাচ্ছেন।

**(খ) চেক্ বা ড্রাফ্‌ট "Ramakrishna Mission Vidyamandira Alumni Association" নামে পাঠাতে হবে।**

(গ) কোন বিশেষ স্মৃতিতে যদি অনুদান পাঠাতে চান, সেটিও আপনার পাঠানো চিঠিতে উল্লেখ করে দেবেন।

আমরা সমস্ত প্রাক্তনী ও শুভানুধ্যায়ীদের কাছে বারবার অনুরোধ জানাই এই মহৎ প্রকল্পগুলির রূপায়ণে আপনারা সাধ্যমত এগিয়ে আসুন। প্রকল্পগুলি সম্পর্কে অথবা এ বিষয়ে অন্য যে কোন তথ্য যদি আপনারা জানতে চান, তাহলে বিদ্যামন্দিরের উপাধ্যক্ষ এবং বর্তমানে প্রাক্তনী সংসদের অন্যতম সদস্য স্বামী শাস্ত্রজ্ঞানন্দজীর কাছে সরাসরি টেলিফোন বা ই-মেলের মাধ্যমে জানতে পারেন। মহারাজের সঙ্গে যোগাযোগের জন্যে ফোন নাম্বার ঃ ৯৪৩২০৯০৮৮৯; অথবা ই-মেলে যোগাযোগ করতে পারেন— vidyamandira@gmail.com

**মনোজ কুমার ভট্টাচার্য**

# প্রাক্তনীসংসদ সমাচার

'The only god to worship is the human soul, in the human body. of course, all animals are temples too, but man is the highest, the Taj Mahal of temples.'—স্বামীজীর এই বাণী শিরোধার্য করে প্রাক্তনীসংসদ তার সীমিত সামর্থ্য নিয়ে নরনারায়ণের সেবায় তার কাজ চালিয়ে যাচ্ছে।

**স্বাস্থ্যকল্যাণ :** বেলুড় শ্রমজীবী হাসপাতালের সক্রিয় সহযোগিতায় প্রাক্তনীসংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। জুলাই, ২০১১-এ প্রকাশিত প্রাক্তনীবার্তার পর থেকে এই প্রতিবেদন লেখার সময় পর্যন্ত মোট ২৪ জন দুঃস্থ রোগীকে ১৩,০০০ টাকা সাহায্য দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের বর্তমান ৩ জন ছাত্রকে মোট ৪,২৫৫ টাকা চিকিৎসার জন্য সাহায্য দেওয়া হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** ১৯৬৮-১৯৭১ বর্ষের প্রাক্তনীরা এবার স্থির করেছেন আগামী অর্থবর্ষের এপ্রিল মাসে প্রাক্তনীসংসদের হাতে ৫ লক্ষ টাকা তুলে দেবেন। ইতিমধ্যেই তাঁরা সংসদের হাতে ১৬ লক্ষ টাকার বেশী অর্থ দিয়েছেন। এই প্রকল্পে গত অক্টোবরে শুভানুধ্যায়ী শ্রী রাধেশ্যাম ঢনঢনিয়া 'ফুলিয়াদেবী ঢনঢনিয়া চ্যারিটেবিল ট্রাস্টের' পক্ষ থেকে ২০১১-১২ অর্থবর্ষের জন্য ৪০,০০০ টাকা দান করেছেন। এছাড়া আরও অনেকে নীরবে এই প্রকল্পে সাহায্যের হাত প্রসারিত করেছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই।

**স্মারক বক্তৃতা :** গত ১৫ই আগস্ট, ২০১১ তারিখে বিবেকানন্দ সভাগৃহে রানী রাসমণি স্মারক বক্তৃতার আয়োজন করা হয়েছিল। এবারে বক্তব্য রাখেন আসানসোল রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী বলভদ্রানন্দজী মহারাজ। তাঁর বক্তৃতার বিষয় ছিল ঃ 'ভগিনী নিবেদিতা ও শ্রীশ্রীমা'। মহারাজের তথ্যসমৃদ্ধ বক্তৃতা সকলকে আকৃষ্ট করে।

গত ২৪এ সেপ্টেম্বর, ২০১১'য় সংসদ কর্তৃক আয়োজিত হয় স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা। এবারের অনুষ্ঠানে বক্তা হিসাবে ছিলেন শ্রী দীপক গুপ্ত (শ্রীম বা মহেন্দ্রনাথ গুপ্তের প্রপৌত্র) এবং তাঁর বক্তৃতার বিষয় ছিল : 'শ্রীরামকৃষ্ণ কথামৃতের উৎস সন্ধানে'।

**বার্ষিক সাধারণ সভা :** গত ১৫ই আগস্ট ২০১১ তারিখে প্রাক্তনী সংসদের ২৪তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছিল। সভায় সভাপতিত্ব করেন সংসদ সভাপতি ড. বিশ্বনাথ দাস। সংসদ সম্পাদক শ্রীমনোজ কুমার ভট্টাচার্য ২০১০-২০১১ আর্থিক বছরে সংসদের কর্মধারার বিস্তারিত প্রতিবেদন পেশ করেন। অন্যতম যুগ্ম সম্পাদক শ্রী অনুপ দাস ২০১১-২০১২ সালের আয়-ব্যয়ের হিসাব পেশ করেন। সংক্ষিপ্ত আলোচনার পর সংসদের বার্ষিক প্রতিবেদন ও আয়-ব্যয়ের পরীক্ষিত হিসাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। এরপর প্রাক্তনী তুলসীদাস বন্দ্যোপাধ্যায় 'আচার্য ঋণ স্বীকার' প্রকল্পে বিগত বৎসরের মতো এবারেও আর্থিক অনুদান অধ্যক্ষ মহারাজ স্বামী ত্যাগরূপানন্দজীর হাতে তুলে দেন।

**রজত জয়ন্তী বর্ষ :** রেজিস্ট্রেশন বর্ষ ১৯৮৬-৮৭ ধরে ২০১১-২০১২ প্রাক্তনী সংসদের রজত জয়ন্তী বর্ষ। এই উপলক্ষে গত ১ আগস্ট ২০১১-তে বিজ্ঞানী আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের ১৫০তম জন্মজয়ন্তী পালনের উদ্দেশ্যে একটি অর্ধদিবস সেমিনার আয়োজন করা হয়। এই সেমিনারে কলকাতা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক শ্যামল চক্রবর্তী 'বিজ্ঞান সমাজ ও বিজ্ঞানী প্রফুল্লচন্দ্র' নিয়ে আলোচনা করেন এবং কলকাতা বসু বিজ্ঞান মন্দিরের ভূতপূর্ব অধ্যাপক নিতাই চন্দ্র মন্ডল বিজ্ঞানী প্রফুল্লচন্দ্রের গবেষণা সংক্রান্ত তথ্যসমৃদ্ধ বক্তব্য পেশ করেন। এরপর গত ১৭ সেপ্টেম্বর ২০১১ তারিখে রজত জয়ন্তী বর্ষ উদ্‌যাপনের অন্যতম কর্মসূচী হিসাবে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫০তম জন্মজয়ন্তী উপলক্ষে অর্ধদিবসের আবৃত্তি ও সংগীতের অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে বিখ্যাত আবৃত্তিকার-যুগল পার্থ ঘোষ ও গৌরী ঘোষ রবীন্দ্রনাথের কবিতা আবৃত্তি করেন এবং সংগীত শিল্পী প্রবুদ্ধ রাহা রবীন্দ্রসংগীত পরিবেশন করেন।

**নিভৃতচিন্তন (Retreat Programme) :** গত ৯ই অক্টোবর, ২০১১ তারিখে স্বামী মেধসানন্দ মহারাজের প্রস্তাব মত সংসদের রজত জয়ন্তী বর্ষ উদ্‌যাপন উপলক্ষে সারদিনব্যাপী এই অনুষ্ঠানটি আয়োজিত হয়। এই নিভৃত চিন্তনের বিষয় ছিল : 'উন্নত জীবনযাপনের সন্ধানে'। এই সেমিনারে স্বামী মেধসানন্দজী, স্বামী ত্যাগরূপানন্দজী, স্বামী তত্ত্বসারানন্দজী, স্বামী বিমলাত্মানন্দজী, ডাঃ ধীমান গাঙ্গুলি এবং সংসদের অনেক সদস্য ও প্রাক্তনী অংশগ্রহণ করেন। প্রাক্তনীদের পরিবার সহ মোট ৮০ জন এই সেমিনারে অংশগ্রহণ করেন। পরিশেষে স্বামী মেধসানন্দের নির্দেশনায় 'মনঃসংযোগ ও ধ্যান' অনুশীলন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।



২০১০-১১ অর্থবর্ষে 'Graduates of 71' স্কলারশিপ প্রাপ্ত ছাত্ররা

**বিবেকানন্দ সম্মেলন:** মেদিনীপুর শ্রীরামকৃষ্ণ মিশন আশ্রমের সহযোগিতায় এ বছরের (২০১১-১২) বিবেকানন্দ সম্মেলন পশ্চিম মেদিনীপুর জেলায় অনুষ্ঠিত হচ্ছে। সম্মেলনকে সাফল্যমন্ডিত করবার জন্য পশ্চিম মেদিনীপুর জেলাকে পাঁচটি অঞ্চলে ভাগ করা হয়েছে। জেলাস্তরের ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতাগুলি অনুষ্ঠিত হবে মেদিনীপুর রামকৃষ্ণ মিশন আশ্রমে ৮ই জানুয়ারি, ২০১২ তারিখে এবং আগামী ২২জানুয়ারি, ২০১২'য় পুরস্কার বিতরণী সভা, যুব সম্মেলন ও শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হবে।

**পুনর্মিলন উৎসব :** আগামী ৫ ফেব্রুয়ারি, ২০১২ তারিখে সংসদের রজতজয়ন্তী বর্ষে বিদ্যামন্দিরেই প্রাক্তনীদের ২২তম পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হবে। এটি রজতজয়ন্তী উৎসবের সর্বশেষ অনুষ্ঠান। গত জুলাই, ২০১১-এ প্রকাশিত প্রাক্তনীবার্তায় এই পুনর্মিলন উৎসবের তারিখ ঘোষণা করা হয়েছে এবং প্রকাশিতব্য স্মরণিকায় বিজ্ঞাপনের হারও দেওয়া হয়েছে। আমরা সকলেই চাই যত বেশী সংখ্যক সম্ভব প্রাক্তনী এই উৎসবে যোগদান করুন। একটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রাক্তনী গোষ্ঠী সেই প্রতিষ্ঠানের অন্যতম স্তম্ভ। বিদ্যামন্দিরের নানা উন্নয়নমূলক কাজে তাই প্রাক্তনীদের উচিত সক্রিয়ভাবে এগিয়ে আসা। আমরা যেন আমাদের সারস্বত ঋণের কথা ভুলে না যাই।

**আমরা অনুপ্রাণিত :** একটি আনন্দের বিষয় এই যে Vedanta Society of Southern California Hollywood-এর অধ্যক্ষ শ্রীমৎ স্বামী স্বাহানন্দজী মহারাজ একটি পত্রের মাধ্যমে আমাদের জানিয়েছেন যে তিনি নিয়মিত বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা পেয়ে থাকেন এবং এই প্রাক্তনীবার্তার মাধ্যমে বিদ্যামন্দির ও প্রাক্তনী সংসদের কর্মযজ্ঞের কথা জেনে আনন্দ লাভ করেন। পূজনীয় মহারাজ প্রাক্তনীবার্তা তহবিলে এক লক্ষ টাকা অনুদান পাঠিয়ে আমাদের সকলকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছেন।

**মনোজ কুমার ভট্টাচার্য্য**
কর্মসচিব



পি. সি. রায়ের সার্ধশতবর্ষে বক্তা অধ্যাপক শ্যামল চক্রবর্তী


প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী

**আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ অধ্যাপক নিত্যনিরঞ্জন কুণ্ডু**

**সদস্যবৃন্দ ঃ ডঃ বিশ্বনাথ দাস, অধ্যাপক তপন কুমার ঘোষ, শ্রী মনোজ কুমার ভট্টাচার্য, শ্রী সুশান্ত দে, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ**

**প্রাক্তনীবার্তা প্রকাশনায় আর্থিক সহায়তা ঃ শ্রী নচিকেতা ভরদ্বাজ, ডঃ সুব্রত গাঙ্গুলি, শ্রী বীর বিক্রম রায় (সকলেই প্রাক্তনী)**


PRINTED MATTER

**BOOK POST**


**If undelivered, please return to :**
**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com • Website : www.alumnividyamandira.in**



Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536